

মোর ভাবনারে কী হাওয়ায় মাতালো,
 দোলে মন দোলে অকারণ হরষে ।
 হৃদয়গগনে সজল ঘন নবীন মেঘে

রসের ধারা বরষে ॥

তাহারে দেখি না যে দেখি না,
 শুধু মনে মনে ক্ষণে ক্ষণে ওই শোনা যায়
 বাজে অলখিত তারি চরণে
 রুনুরুনু রুনুরুনু নুপুরধ্বনি ॥

গোপন স্বপনে ছাইল

অপরশ আঁচলের নব নীলিমা ।

উড়ে যায় বাদলের এই বাতাসে

তার ছায়াময় এলো কেশ আকাশে ।

সে যে মন মোর দিল আকুলি

জল-ভেজা কেতকীর দূর সুবাসে ॥

Parjaay: Prakriti / Borsha, Taal: Tritaal, Raag: Gour-Malhar
 Visit www.geetabitan.com for notation and other detail